

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।


স্মারক নং- ৩২.০২.০০০০.০০৮.১৮.০০১.১৮- ১৯৭

তারিখঃ ২৭/০৮/২০২০

বিষয়ঃ জাতীয় মহিলা সংস্থার কার্যক্রম পর্যায়ক্রমে সকল উপজেলায় বিস্তৃত করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন জাতীয় মহিলা সংস্থা মহিলাদের সার্বিক উন্নয়ন, জেন্ডার সমতা ও ক্ষমতায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বর্তমানে দেশের ৬৪ জেলা ও ৫০ টি উপজেলায় জাতীয় মহিলা সংস্থার কার্যক্রম পরিচালিত হচ্ছে। জাতীয় মহিলা সংস্থার কার্যক্রমকে আরও গতিশীল ও সুদূর প্রসারী করার প্রয়োজনে এবং অধিক সংখ্যক মহিলাকে আর্থ-সামাজিক উন্নয়ন, ক্ষমতায়ন ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ ও তাদের আন্তর্নির্ভরশীল করার লক্ষ্যে জাতীয় মহিলা সংস্থার কার্যক্রম আরও অধিক সংখ্যক উপজেলায় বিস্তৃত করা প্রয়োজন।

এমতাবস্থায়, দেশের সংখ্যাগরিষ্ঠ মহিলাদের জাতীয় মহিলা সংস্থার সেবা কার্যক্রম এর আওতায় আনার লক্ষ্যে আপনার জেলা অধিভুক্ত যে সকল উপজেলায় (যে সকল উপজেলায় জাতীয় মহিলা সংস্থার অফিস নেই) জাতীয় মহিলা সংস্থার কার্যক্রম সম্প্রসারণের সক্ষমতা রয়েছে ও সম্প্রসারণ করা প্রয়োজন, সে সকল উপজেলার নামের প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।


২৭/০৮/২০২০

মাকসুরা নূর (এনডিসি)
নির্বাহী পরিচালক (অতিঃ সচিব)
জাতীয় মহিলা সংস্থা
ফোনঃ ৯৩৪২৩৪১।

চেয়ারম্যান
জাতীয় মহিলা সংস্থা
-----জেলা শাখা।